মকর সংক্রান্তি উপলক্ষ্যে আগরতলায় আলপনা। – পিটিআই

ইরানের সঙ্গে পরমাণু চুক্তি আমেরিকাকে চ্যালেঞ্জ ব্রিটেনের

লন্ডন, ১২ জানুয়ারি ঃ বিশ্বের ৬টি দেশের সঙ্গে ইরানের পরমাণু চুক্তি নিয়ে আমেরিকাকে চ্যালেঞ্জ করল ব্রিটেন। বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে ইরান, ফ্রান্স, জার্মানি এবং ইউরোপীয় ইউনিয়নের অন্য দেশগুলোর বিদেশমন্ত্রীদের সঙ্গে বৈঠকের পর ব্রিটেনের বিদেশমন্ত্রী বরিস জনসন বলেন, 'ওই চুক্তি ইরানকে পারমাণবিক অস্ত্র কর্মসূচি থেকে বিরত রেখেছে। এর চাইতে ভালো বিকল্প আমেরিকার কাছে থাকলে তা ওরা দেখাতে পারে।' এর আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের পরমাণু চুক্তিটি সংশোধন অথবা বাতিল করার পক্ষে মত দিয়েছিলেন। কিন্তু ইউরোপের দেশগুলো বলেছে ওই চুক্তির কারণে বিশ্ব নিরাপদে রয়েছে। ২০১৫ সালে আমেরিকা, চিন, রাশিয়া, জার্মানি, ফ্রান্স ও ব্রিটেনের সঙ্গে চুক্তি সই করে ইরান। ওই চুক্তির আওতায় ইরান তাদের পারমাণবিক প্রকল্পের কাজ কমানোর আশ্বাস দিয়েছিল। বাণিজ্যের উপর নিষেধাজ্ঞা শিথিল করা হবে এই শর্তে ইরান ওই চুক্তিতে সই করতে সম্মত হয়। কিন্তু প্রেসিডেন্ট হওয়ার পর ট্রাম্প বলেছিলেন, ওই চুক্তিতে অনেক ত্রুটি রয়েছে। চুক্তি বাতিলের হুমকি দিয়ে তিনি বলেছিলেন, ইরান ওই চুক্তি নানাভাবে লঙ্ঘন করছে। গত অক্টোবর মাসে মার্কিন কংগ্রেস পারমাণবিক চুক্তি মেনে চলার জন্য ইরানকে সার্টিফিকেট দিতে চেয়েছিল। কিন্তু ট্রাম্প তাতে রাজি হননি। বরং তিনি ইরানের বিরুদ্ধে আরও কড়া নীতি ঘোষণা করেন। অন্য পাঁচটি দেশ তখন বলেছিল, রাষ্ট্রসংঘের প্রস্তাবনা অনুযায়ী আমেরিকা একতরফাভাবে একটি বহুপাক্ষিক চুক্তি বাতিল করতে পারে না। পালটা হুমকি দিয়ে ইরানও বলেছিল, আমেরিকা চুক্তি থেকে সরে গেলে তারাও ওই চুক্তি থেকে সরে যাবে। বুধবার ব্রাসেলসে বরিস জনসন বলেন, ইরান ওই চুক্তি পুরোদস্তুর মেনে চলছে। ইউরোপীয় ইউনিয়নের বিদেশনীতি বিষয়ক প্রধান ফেডেরিকা মঘারিনিও ইরান চুক্তির পক্ষে মত দিয়েছেন। তিনি বলেছেন, 'চুক্তির মূল লক্ষ্য ছিল ইরানের পরমাণু প্রকল্পের কাজ তদারকি করা ও তার উপর নজরদারি চালানো। সেই কাজ ঠিকমতো হচ্ছে। এই চুক্তি কার্যকর রাখতে আন্তর্জাতিক ঐক্য প্রয়োজন।'

সৌদি স্টেডিয়ামে খেলা দেখবেন মহিলারা

রিয়াধ, ১২ জানুয়ারি ঃ মহিলাদের স্টেডিয়ামের গ্যালারিতে বসে ফুটবল খেলা দেখার অনুমতি দিয়েছে সৌদি আরব সরকার। শনিবার জেড্ডার কিং আবদুল্লা স্পোর্টস সিটিতে এবং ১৮ জানুয়ারি দাম্মামের প্রিন্স মহম্মদ বিন ফাহাদ স্টেডিয়ামে মহিলা দর্শকদের গ্যালারিতে স্বাগত জানাতে প্রস্তুত কর্তৃপক্ষ। এই উপলক্ষ্যে স্টেডিয়ামগুলিতে মহিলাদের বসার জন্য বিশেষ ব্যবস্থা করা হয়েছে। স্টেডিয়ামের ক্যাফে ও রেস্তোরাঁতেও মহিলাদের জন্য বিশেষ ব্যবস্থা থাকবে। সৌদি আরবের রক্ষণশীল সমাজের আধুনিকীকরণে 'ভিশন ২০৩০' ঘোষণা করেছেন প্রিন্স মহম্মদ বিন সলমন। এসব তারই অঙ্গ বলে মনে করা হচ্ছে। সৌদি আরব সরকার সম্প্রতি মহিলাদের উপর থেকে বেশকিছু নিষেধাজ্ঞা তুলে নেওয়ার কথা ঘোষণা করেছে। এরমধ্যে অন্যতম হল সৌদি মহিলাদের গাড়ি চালানোর অনুমতি দেওয়া। সেই সিদ্ধান্ত জুন মাস থেকে কার্যকর হওয়ার কথা। প্রথম পর্যায়ে প্রায় ১০ হাজার মহিলাকে গাড়ি চালানোর অনুমতি দেওয়া হবে বলে জানা গিয়েছে।

আইবোর প্রত্যাবর্তন

টোকিও, ১২ জানুয়ারি ঃ যন্ত্রমানবী সোফিয়ার পর এবার যান্ত্রিক সারমেয় 'আইবো'। বিশ্বের রোবটপ্রেমীদের উত্তেজনা বাড়িয়ে এবার বাজারে এল 'রোবটিক ডগ'। নির্মাতা সংস্থা সোনির দাবি, রোবট প্রযুক্তিকে আরও এক কদম এগিয়ে দিয়েছে আইবো। কয়েক বছর আগে এই ধরনের একটি যান্ত্রিক কুকুর তৈরি করা হয়েছিল। কিন্তু সেটি খুব একটা কার্যকর ছিল না। এবার উন্নত প্রযুক্তি ব্যবহারের ফলে রোবটটি অনেক বেশি স্বাভাবিক আচরণ করতে সক্ষম। আইবো শুধু কুকুরের মতো আচরণই করবে না, মানুষের অনুভূতির সঙ্গে তাল মিলিয়ে চলতেও পারবে। আইবোর মধ্যে রয়েছে একাধিক সেন্সর ও ক্যামেরা। সেগুলির সাহায্যে মানুষের গতিবিধি ও পারিপার্শ্বিক পরিস্থিতি সম্পর্কে ধারণা করতে পারবে এক ফুটের দুধসাদা কুকুরটি। সাধারণ কুকুরের মতোই সে চোখ ও কান নাড়াতে পারে। জাপানে ইতিমধ্যেই বাণিজ্যিকভাবে আইবোর বিক্রি শুরু হয়েছে। ভারতীয় মুদ্রায় এর দাম পড়বে প্রায় ১ লক্ষ ৪৪ হাজার টাকা।

আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষ ঃ প্রেমে সামান্য সমস্যা। সামান্য কারণে সংসারে অশান্তি। কর্মক্ষেত্রের কারণে দূরস্থানে যাত্রার সম্ভাবনা। **বৃষ ঃ** নতুন কাজের পরিকল্পনা আজই শুরু করে দিলে সাফল্য আসবে। বিদ্যার্থীরা সফল হবে। **মিথুন ঃ** আর্থিক উন্নতি ঘটবে। চিকিৎসক ও অধ্যাপকগণ আজ সম্মানিত হতে পারেন। বকেয়া পাওনা আদায় হবে। কর্মক্ষেত্রে নিজের বুদ্ধিমত্তার জয়। **কর্কট ঃ** সামান্য কারণে প্রেমে অশান্তি। সৃজনশীল কাজে স্বীকৃতি মিলবে। শরীর নিয়ে উদ্‌বেগ থাকবে। **সিংহ ঃ** অযথা তাড়াহুড়ো করতে গিয়ে জটিল হয়ে উঠবে কোনো কাজ। গৃহসংস্কারে পড়শির বাধা আসতে পারে। **কন্যা ঃ** ফেলে রাখা কোনো কাজে হাত দিলে তা সফল হবে। মায়ের স্বাস্থ্য নিয়ে উদ্‌বেগ থাকবে। **তুলা ঃ** নতুন কোনো সম্পর্কে জড়িয়ে পড়তে পারেন। কর্মস্থলে পদোন্নতির সংবাদ পেতে পারেন। কোনো কারণেই প্রলোভনে পড়বেন না। প্রেমের ক্ষেত্রে শুভ। **বৃশ্চিক ঃ** চাকরিতে পদোন্নতি। নতুন কোনো বন্ধুলাভে আনন্দ। উপযাচক হয়ে কাউকে উপদেশ দিতে যাবেন না। **ধনু ঃ** ব্যবসায় অর্থাগম হবে। অংশীদারি ব্যবসায় কর্মচারীর সমস্যা। মায়ের পরামর্শ মেনে লাভবান হবেন। **মকর ঃ** ফেলে রাখা কাজ আজ শুরু করতে পারেন। বিদেশ গমনের ইচ্ছা পূরণ হতে পারে। **কুম্ভ ঃ** প্রিয় কোনো বন্ধুকে ফিরে পেয়ে খুশি। বাবা-মায়ের স্বাস্থ্য নিয়ে উদ্‌বেগ কেটে যাবে। অতি প্রণয়ে সমস্যা। **মীন ঃ** কোনো অনুষ্ঠানে খুঁজে পাবেন প্রিয় মানুষটিকে। কর্মক্ষেত্রে পদোন্নতির সংবাদ পেতে পারেন। নিজের সিদ্ধান্তে অটল থাকলে সাফল্য আসবে।

দিনপঞ্জি

গুপ্তপ্রেস ডাইরেক্টরি পঞ্জিকা মতে আজ শনিবার ইং ১৩ জানুয়ারি, ২৮ পৌষ, মুং ২৫ রবিঃসানি, ফঃ ১১ মাঘ, সম্বৎ ১২ মাঘ বদি। ধনু দং ৪।৫৬।৩২ থেকে উদয় মিথুন ৫।১৭।১১ বিঃ থেকেঅস্ত। সূর্যোদয় ঘ ৬।২৪।১৮ সূর্যাস্ত ঘ ৫।৫।৪৬। দ্বাদশী রাত্রি ঘ১।৫।১০। অনুরাধানক্ষত্র ঘ১২।১০।০। গণ্ডযোগ ঘ৮।৩১।১০। কৌলবকরণ ঘ১২।৩।৮ থেকে তৈতিলকরণ রাত্রি ঘ১।৫।১০ থেকে গরকরণ। পূর্ব্বদিনের রাশির চন্দ্রশুদ্ধ। পূর্ব্বদিনের নক্ষত্রের ও ঘ১২।১০।০ থেকে ১।২।৪।৬।৮।১০।১১।১৩।১৫।১৭।১৯।২০।২২।২৪।২৬ নক্ষত্রের তারাশুদ্ধ। জন্মে–বৃশ্চিকরাশি বিপ্রবর্ণ দেবগণ অষ্টোত্তরী ও বিংশোত্তরী শনির দশা, ঘ১২।১০।০ থেকে রাক্ষসগণ বিংশোত্তরী বুধের দশা। মৃতে–দ্বিপাদদোষ, ঘ১।৫।১০ থেকে পাদদোষ। নৈঋর্তে যোগিনী, রাত্রি ঘ১।৫।১০ থেকে দক্ষিণে। কালবেলা ঘ৭।৪৪।২৯ সেঃ মধ্যে ও ঘ৩।৪৫।৩৫ থেকে ৫।৫।৪৬ সেঃ মধ্যে। বারবেলা ঘ১।৫।১৩ থেকে ২।২৫।২৪ সেঃ মধ্যে। কালরাত্রি ঘ৬।৪৫।৩৫ সেঃ মধ্যে ও ঘ৪।৪৪।৩৮ থেকে ৬।২৪।২৭ সেঃ মধ্যে। রাত্রি ঘ১।৫।১০ সেঃ মধ্যে পুঁইশাক পরে বেগুন অভক্ষ্য। যাত্রা–যাত্রা নাস্তি কালবেলাদোষ, ঘ৭।৪৪।২৯ থেকে যাত্রা শুভ পূর্ব্বে নাস্তি, রাত্রি ঘ৯।২৯।১০ থেকে নৈর্ঋতে অগ্নিকোণেও নাস্তি, রাত্রি ঘ১।৫।১০ থেকে মাত্র পূর্ব্বে নাস্তি, রাত্রিশেষ ঘ৪।৪৪।৩৮ থেকে পুনঃ যাত্রা নাস্তি কালরাত্রিদোষ। শুভকর্ম–ঘ৭।৪৪।২৯ সেঃ থেকে ১২।১০।০ সেঃ মধ্যে বিপণ্যারম্ভ, ঘ৭।৪৪।২৯ থেকে ৩।৪৫।৩৫ সেঃ মধ্যে আরোগ্যস্নান। বিবিধ–দ্বাদশীর একোদ্দিষ্ট ও সপিণ্ডন। পূর্বাহ্ন ঘ৯।৫৮।৮ সেঃ মধ্যে একাদশীর পারণ।গোস্বামিমতে পক্ষবর্দ্ধিনী মহাদ্বাদশী ব্রতের উপবাস। জামসেদপুর কালীবাড়ি আশ্রমের প্রতিষ্ঠাতা সাধকপ্রবর শ্রীমদ্ যুগবশিষ্ঠ দেবের শুভ আবির্ভাব দিবস উপলক্ষ্যে কালীবাড়ী আশ্রমে সমবেত শিষ্য ও ভক্তমণ্ডলীর সামূহিক জপ ও গণনারায়ণের সেবামূলা অন্নদান, বস্ত্রদান ও কম্বলদান। অমৃতযোগ–দিবা ঘ৭।৭।৪ সেঃ মধ্যে ও ঘ৭।৪৯।৫০ থেকে ৯।৫৮।৭ সেঃ মধ্যে ও ঘ১২।৬।২৫ থেকে ২।৫৭।২৮ সেঃ মধ্যে ও ঘ ৩।৪০।১৪ থেকে ৫।৫।৪৬ সেঃ মধ্যে এবং রাত্রি ঘ১।৪।৫৩ থেকে ২।৫১।২১ সেঃ মধ্যে।

ট্রাম্পের ভাষণে আমন্ত্রিত প্রবাসী ভারতীয়ের বিধবা স্ত্রী

ওয়াশিংটন, ১২ জানুয়ারি ঃ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের রাষ্ট্রীয় ভাষণে আমন্ত্রিত প্রবাসী ভারতীয় প্রযুক্তিবিদ শ্রীনিবাস কুচিভোতলার বিধবা স্ত্রী সুনয়না দুমালা। আমেরিকায় প্রবাসীদের নিয়ে যে কোনো সমস্যা নেই, তা বোঝাতেই ডোনাল্ড ট্রাম্পের রাষ্ট্রীয় ভাষণে সুনয়না দুমালাকে আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানালেন মার্কিন কংগ্রেসের অন্যতম নেতা কেভিন জোদার। তাঁর কথায়, 'আমাদের দেশ যে সকলকে স্বাগত জানায়, সেই বার্তা আমরা ভারতীয় এবং অন্য প্রবাসীদের কাছে পৌঁছে দিতে চাই।'

গতবছর ওলাথে শহরে খুন হয়েছিলেন প্রবাসী ভারতীয় শ্রীনিবাস কুচিভোতলা। বর্ণবৈষম্যের জেরেই তাঁকে খুন করা হয়েছিল বলে অভিযোগ। এই ঘটনার পর কুচিভোতলার স্ত্রী ৩২ বছর বয়সি সুনয়না দুমালা মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসের অধিকার হারান। কেননা স্বামীর সূত্রেই তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসের অধিকার পেয়েছিলেন। কিন্তু এখনও পর্যন্ত ওলাথে শহরেই বসবাস করেন দুমালা। ট্রাম্প সরকার তাঁকে বিতাড়িত করেনি। তাই আমেরিকায় বর্ণবৈষম্যের জেরে হিংসার কথা মানতে নারাজ দুমালার জবাব, 'আপনিও এখানে থাকতে পারেন।'

অন্য দেশ সম্পর্কে অশালীন মন্তব্য ট্রাম্পের

ওয়াশিংটন, ১২ জানুয়ারি ঃ আমেরিকায় অভিবাসী হতে চায় এমন কয়েকটি দেশের নাগরিকদের সম্পর্কে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের একটি মন্তব্য ঘিরে হইচই শুরু হয়েছে। বৃহস্পতিবার হোয়াইট হাউসের সাংসদদের সঙ্গে অভিবাসনের নীতি চূড়ান্ত করা নিয়ে আলোচনার সময় ট্রাম্প বলেন, 'কেন আমরা নোংরা দেশগুলো থেকে এসব লোককে আমেরিকায় নিয়ে আসছি?' হাইতি, এল সালভাদোর ও আফ্রিকার দেশগুলো নিয়েই ট্রাম্পের এই ধরনের অশালীন মন্তব্য বলে মার্কিন সংবাদমাধ্যমের ধারণা। মার্কিন প্রেসিডেন্টের এমন মন্তব্য ঘিরে রিপাবলিকান ও ডেমোক্র্যাট, দুই শিবিরেই সমালোচনার ঝড় উঠেছে। এই পরিস্থিতিতে ট্রাম্পের মন্তব্যের পক্ষে সাফাই দিয়ে এক বিবৃতিতে হোয়াইট হাউস বলেছে, 'ওয়াশিংটনের কিছু রাজনীতিবিদ বিদেশি শক্তির হয়ে লড়াইয়ের পথ বেছে নিয়েছেন। অন্যদিকে, প্রেসিডেন্ট ট্রাম্প সবসময় আমেরিকার জনগণের পক্ষে লড়াই করতে চান।'

হোয়াইট হাউসের মুখপাত্র রাজ শাহ জানিয়েছেন, বর্তমান মার্কিন প্রশাসন অন্য অনেক দেশের মতো মেধাভিত্তিক অভিবাসনে আগ্রহী। তিনি বলেন, 'প্রেসিডেন্ট ট্রাম্প আমাদের দেশকে শক্তিশালী করতে স্থায়ী সমাধানের পথে লড়াই চালিয়ে যাচ্ছেন। তিনি চান আমেরিকা যেন তাঁদেরই স্বাগত জানায়, আমাদের সমাজে যাঁদের অবদান থাকে এবং যাঁরা আর্থিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবেন।' হোয়াইট হাউসের বিবৃতিতে বলা হয়েছে, যেসব অভিবাসী পরিশ্রমী মার্কিনিদের জীবনকে চ্যালেঞ্জের মুখে ফেলছেন, ট্রাম্প তাঁদের প্রত্যাখ্যান করতে চান। ওই বৈঠকে ডেমোক্র্যাট সেনেটর রিচার্ড ডারবিন প্রাকৃতিক দুর্যোগ, যুদ্ধ ও মহামারি আক্রান্ত দেশের নাগরিকদের অস্থায়ীভাবে আমেরিকায় বসবাসের অনুমতি দেওয়ার ব্যাপারে একটি প্রস্তাব পেশ করেন। তখন ট্রাম্প সাংসদদের বলেন, আমেরিকার উচিত ওই সব দেশ থেকে অভিবাসী না নিয়ে নরওয়ের মতো দেশগুলোর থেকে অভিবাসী নেওয়া। আফ্রিকার দেশগুলোর নাগরিকদের নিয়ে ট্রাম্পের অশালীন মন্তব্য এবারই প্রথম নয়। এর আগে একটি বৈঠকে হাইতির নাগরিকদের সম্পর্কে ট্রাম্প বলেছিলেন, সকলেরই এইডস আছে। এবার ট্রাম্পের মন্তব্যের তীব্র সমালোচনা শুরু হয়েছে। মেরিল্যান্ডের ডেমোক্র্যাট সাংসদ এলিজা কামিংস টুইট বার্তায় বলেছেন, 'ক্ষমার অযোগ্য এই মন্তব্যের নিন্দা করছি। এই মন্তব্য প্রেসিডেন্টের অফিসের মর্যাদা ক্ষুণ্ণ করেছে।' আর এক ডেমোক্র্যাট সাংসদ সেড্রিক রিচমন্ড বলেছেন, 'ট্রাম্পের মন্তব্যে প্রমাণ হয়েছে তাঁর মেক আমেরিকা গ্রেট এগেইন স্লোগান আসলে মেক আমেরিকা হোয়াইট এগেইন।' ট্রাম্পের নিজের দলের সাংসদরাও সমালোচনায় সরব হয়েছেন।

কিমের সঙ্গে সম্পর্ক খুবই ভালো : ট্রাম্প

ওয়াশিংটন, ১২ জানুয়ারি ঃ উত্তর কোরিয়ার রাষ্ট্রপ্রধান কিম জং উনের সঙ্গে তাঁর সম্পর্ক খুব ভালো বলে মনে করেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সংবাদমাধ্যমে এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেছেন, 'আমার তো মনে হয় কিম জং উনের সঙ্গে আমার সম্পর্ক খুবই ভালো। বহু লোকের সঙ্গে আমার সম্পর্ক আছে।' তারপর কিছুটা রসিকতার সুরে তিনি বলেন, 'মনে হচ্ছে, এটা শুনে আপনারা বিস্মিত।'

ট্রাম্পের এই সাক্ষাৎকার নিয়ে মার্কিন রাজনীতিতে চর্চা শুরু হয়েছে। কিছুদিন আগেই ট্রাম্পের সঙ্গে কিমের বাক্যবিনিময় ঘিরে আন্তর্জাতিক রাজনীতি উত্তপ্ত হয়ে উঠেছিল। দুজনেই দুই দেশের বিরুদ্ধে হুমকি দিতে শুরু করেছিলেন। প্রধানত আমেরিকার তৎপরতাতেই রাষ্ট্রসংঘ উত্তর কোরিয়ার উপর নিষেধাজ্ঞা জারি করেছে। সেই ঘটনার প্রেক্ষিতে ট্রাম্পের এই সাক্ষাৎকার বিশেষজ্ঞদের বিস্মিত করেছে। এই পরিস্থিতিতে ট্রাম্প বলেছেন, দক্ষিণ কোরিয়ায় শীতকালীন অলিম্পিকের জন্য কোরীয় উপদ্বীপে আমেরিকা ও দক্ষিণ কোরিয়ার যৌথ সামরিক মহড়া স্থগিত রাখা হয়েছে। তাঁর কথায়, এটা উত্তর কোরিয়ার জন্য ইতিবাচক বার্তা। শীতকালীন অলিম্পিককে কেন্দ্র করে দুই কোরিয়ার মধ্যে নতুন করে যোগাযোগ শুরু হয়েছে। কিম অলিম্পিকে উত্তর কোরিয়ার দল পাঠানোর ব্যাপারে আগ্রহ প্রকাশ করলে দক্ষিণ কোরিয়া আলোচনার প্রস্তাব দেয়। তারপর গত মঙ্গলবার দুই প্রতিবেশী দেশের নেতাদের একটি বৈঠক হয়। দুই কোরিয়ার মধ্যে টেলিফোনে যোগাযোগের জন্য একটি হটলাইনও চালু হয়েছে। এই সব ঘটনার সঙ্গে ট্রাম্পের মন্তব্যের সম্পর্ক আছে বলে মনে করা হচ্ছে। কিমের সঙ্গে তিনি কখনও সরাসরি কথা বলেছেন কিনা জানতে চাওয়া হলে ট্রাম্প বলেন, 'আমি এবিষয়ে কোনো মন্তব্য করতে চাই না। কথা বলা বা না বলা নিয়ে কিছু বলতে চাই না।' গত নভেম্বর মাসেই ভিয়েতনাম সফরের সময় ট্রাম্প বলেছিলেন, কিমের সঙ্গে বন্ধুত্ব হলে সম্ভবত সেটা খুবই অদ্ভুত হবে, কিন্তু সেই সম্ভাবনাও আছে। এখন ট্রাম্পের সর্বশেষ মন্তব্যের পর কিমের সঙ্গে তাঁর কথা হয় কিনা তা জানতে বিশেষজ্ঞদের কৌতূহল রয়েছে। উত্তর কোরিয়া সম্পর্কে তাঁর আক্রমণাত্মক টুইট সম্পর্কে ট্রাম্প বলেছেন, সেগুলো সবই রাজনৈতিক কৌশলের অঙ্গ। তাঁর কথায়, 'অনেকবার আপনারা এমন হতে দেখবেন। তারপর হঠাৎ করেই তাঁদের কেউ আমার সেরা বন্ধু হয়ে উঠবেন।'



কেন আমরা নোংরা দেশগুলো থেকে এসব লোককে আমেরিকায় নিয়ে আসছি?

আমার তো মনে হয় কিম জং উনের সঙ্গে আমার সম্পর্ক খুবই ভালো। বহু লোকের সঙ্গে আমার সম্পর্ক আছে।

সমুদ্রের ঢেউ থেকে বিদ্যুৎ

ঢাকা, ১২ জানুয়ারি ঃ সমুদ্রের ঢেউ থেকে বিদ্যুৎ উৎপাদনের খোঁজে বাংলাদেশে সমীক্ষা শুরু হয়েছে। বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ জানিয়েছেন, 'সমুদ্রের ঢেউ থেকে বিদ্যুৎ উৎপাদন প্রযুক্তি উন্নত বিশ্বের কিছু দেশে এখনও পরীক্ষার স্তরে রয়েছে। এই প্রযুক্তি খরচসাপেক্ষ এবং বাণিজ্যকভাবে জনপ্রিয় নয়। সমুদ্রের ঢেউ থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে সমীক্ষা করা হচ্ছে।' তিনি জানান, দেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে আরও কিছুদিন অপেক্ষা করতে হবে। কারণ, বাংলাদেশে প্রতিনিয়ত বিদ্যুতের চাহিদা বাড়ছে। ২০৪১ সাল নাগাদ বাংলাদেশের বিদ্যুতের চাহিদা পৌঁছোবে ৬০ হাজার মেগাওয়াটে।

সংকটে মের্কেল

বার্লিন, ১২ জানুয়ারি ঃ সময়টা ভালো যাচ্ছে না জার্মান চ্যান্সেলার অ্যাঞ্জেলা মের্কেলের। নির্বাচনে জয় পেলেও সংসদে সংখ্যাগরিষ্ঠতা ধরে রাখতে যথেষ্ট বেগ পেতে হচ্ছে তাঁর দল খ্রিস্টান ডেমোক্র্যাটিক ইউনিয়ন অফ জার্মানিকে। দলের মধ্যে বিরোধী সুর ক্রমশ চড়া হওয়ার পাশাপাশি জার্মান জননেত্রীর চিন্তা বাড়িয়েছে শরিক দলগুলির অসন্তোষ। পরিস্থিতি সামাল দিতে বৃহস্পতিবার রক্ষণশীল ও সোশ্যাল ডেমোক্র্যাটদের সঙ্গে বৈঠকে বসেন তিনি। যদিও বৈঠকে শরিক নেতাদের সন্তুষ্ট করতে পারেননি মের্কেল। জার্মান সংবাদমাধ্যমের দাবি, আলোচনার মধ্যেই শরিকদলগুলির একাধিক নেতা বৈঠক ছেড়ে বেরিয়ে যান। অর্থনৈতিক মন্দা ও শরণার্থী সংকট নিয়ে দু-পক্ষের মতবিরোধ দেখা দিয়েছে।

বাংলা মানে এগিয়ে যাওয়া

দেশের মধ্যে স্বাচ্ছন্দ্যে ব্যবসা-বাণিজ্য করার সহজ উপায় নতুন করে চিনিয়েছে বাংলা। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের যোগ্য নেতৃত্বে সগৌরবে এগিয়ে চলেছে এই রাজ্য।

কলকাতার নিউটাউনে অবস্থিত দেশের সব থেকে বড় কনভেনশন সেন্টারে আগামী ১৬ ও ১৭ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হতে চলেছে বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের চতুর্থ সংস্করণ। এই উপলক্ষ্যে বিভিন্ন বিখ্যাত শিল্পপতি, চিন্তাবিদ, বিদেশি প্রতিনিধি, বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং উৎসাহী উদ্যোগপতিরা একত্রে মিলিত হচ্ছেন বাণিজ্য-বান্ধব এই রাজ্যে।

বিনিয়োগের বিভিন্ন ক্ষেত্রে এই রাজ্য উপস্থাপন করেছে বৃদ্ধি এবং সমৃদ্ধির এক নতুন দিগন্ত। তাই এই সম্মেলনে যোগ দিন এবং সাফল্যের অভিমুখে যাত্রা শুরু করুন।

রাজ্যের নিজস্ব কর সংগ্রহের পরিমাণ দ্বিগুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে গত ৬ বছরে

বস্তুগত পরিকাঠামোর ক্ষেত্রে ব্যয় চার গুণ বৃদ্ধি পেয়েছে গত ৬ বছরে

সামাজিক পরিকাঠামোর ক্ষেত্রে ব্যয় সাড়ে চার গুণ বৃদ্ধি পেয়েছে গত ৬ বছরে

বিদ্যুতের বিতরণ এবং সহজলভ্যতার ক্ষেত্রে ভারতের মধ্যে প্রথম স্থানে

বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগ | আন্তর্জাতিক প্লেনারি সেশন | বিভিন্ন দেশের সংযোগ এবং B2B, B2G মিটিং

অংশগ্রহণ করতে আমাদের মেইল করুন businesssynergycentre@wbidc.com

অংশীদার দেশ

চেক রিপাবলিক, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, রিপাবলিক অফ কোরিয়া, ইউনাইটেড আরব এমিরেটস, পোল্যান্ড, ইউনাইটেড কিংডম

Organiser
wbidc
www.wbidc.com

BENGAL GLOBAL BUSINESS SUMMIT
16-17 January '18
Biswa Bangla Convention Centre
New Town, Kolkata

Summit Partner FICCI · Knowledge Partner KPMG · Follow us on · www.bengalglobalsummit.com · Download App

নাম নিবন্ধনের জন্য লগ অন করুন
www.bengalglobalsummit.com/registration/

Genesis 5324